গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৩।

নং-১০.০০.০০০০.১২৭.২৭.০০৬.২৪. ৬৯৫

তারিখ : ১৪ আশ্বিন ১৪৩২ / ২৯ সেপ্টেম্বর ২০২৫

প্রজ্ঞাপন

যেহেতু, ঢাকার সাবেক চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট বর্তমানে আইন ও বিচার বিভাগে সংযুক্ত কর্মকর্তা (জেলা জজ) জনাব রেজাউল করিম চৌধুরী এর বিরুদ্ধে বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস (শৃঙ্খলা) বিধিমালা, ২০১৭ এর বিধি ২ (চ) এ বর্ণিত অসদাচরণের অভিযোগে ০৪/২০২৫ নং বিভাগীয় মামলা রুজু করা হয়েছে; এবং

যেহেতু, তার বিরুদ্ধে আনীত অভিযোগের গুরুত্ব বিবেচনায় তাকে চাকরি হতে সাময়িক বরখাস্ত করা যুক্তিযুক্ত মর্মে কর্তৃপক্ষের নিকট প্রতীয়মান হয়েছে;

সেহেতু, বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস (শৃঙ্খলা ) বিধিমালা, ২০১৭ এর বিধি ১১ অনুযায়ী তাকে চাকরি হতে সাময়িক বরখাস্ত (Suspend) করা হলো। সাময়িক বরখাস্তকালীন তিনি বিধি মোতাবেক খোরাকী ভাতা প্রাপ্ত হবেন।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

২৯/০৯/২৫
(লিয়াকত আলী মোল্লা)
সচিব

নং-১০.০০.০০০০.১২৭.২৭.০০৬.২৪.৬৯৫/(১/১৩)

তারিখ : ১৪ আশ্বিন ১৪৩২ / ২৯ সেপ্টেম্বর ২০২৫

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা
২। জেলা ও দায়রা জজ/মহানগর দায়রা জজ,
৩। জনাব রেজাউল করিম চৌধুরী, সংযুক্ত কর্মকর্তা (জেলা জজ), আইন ও বিচার বিভাগ।
৪। মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।
৬। সিনিয়র সহকারী সচিব, বিচার শাখা-২/৪/৫/৮, আইন ও বিচার বিভাগ।
৭। সিনিয়র তথ্য কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৮। উপপরিচালক,বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা।
উপরের প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।
৯। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, হিসাব ভবন, ৫ম তলা, সেগুনবাগিচা, ঢাকা।
১০। হিসাব রক্ষণ কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
১১। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ [ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো]।
১২। গার্ড ফাইল।
১৩। অফিস কপি।

২৯.০৯.২৫
(মোহাম্মদ মনিরুজ্জামান)
সিনিয়র সহকারী সচিব
ফোন-২২৩৩৫৬৬৩১